গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, এফ-১/এ, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা
[কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড অ্যাডভান্স রুলিং শাখা]

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০০০.০৫৪.০২.০০০২.২৫.১১

তারিখ: ২৭ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: আমদানিতব্য Cumin Seed নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।

সূত্র: Golden and Silver Lake এর ২১/০৯/২০২৫ খ্রিঃ তারিখের আবেদন।

কাস্টমস রুলিং (অগ্রিম) নং-৪৭/২০২৫

Golden and Silver Lake নামক প্রতিষ্ঠান কর্তৃক আমদানিতব্য Cumin Seed নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরমে আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

আবেদনকারীর নাম ও BIN	Golden and Silver Lake (006010529-1102)
আবেদনকারীর ঠিকানা	Ghorapakhia, Ramchandrapur Hat, Sadar Chapaiunawabganj.

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	Cumin Seed
যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে	৫০ কেজির বস্তায়
উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)	India
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস	Not Mentioned

০২। **আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিতব্য পণ্যের বিবরণ:**
Cumin Seed নামীয় পণ্যসমূহ ৫০ কেজির বস্তায় আমদানি করা হবে।

০৩। **বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেণীবিন্যাসের পক্ষে যুক্তি:**
আমদানিকারক Golden and Silver Lake কর্তৃক Cumin Seed ঘোষণায় পণ্য আমদানির লক্ষ্যে এইচ.এস.কোড প্রস্তাব করা হয়নি। আমদানিকৃত পণ্যের নমুনা ও আবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, Cumin Seed নামীয় পণ্যটি বপনের জন্য ব্যবহৃত হবে এবং ৫০ কেজির বস্তায় আমদানি করা হবে।

এ প্রসঙ্গে Explanatory Notes এর Heading 12.09 এ উল্লেখ রয়েছে:
Seeds, fruit and spores, of a kind used for sowing.

The heading exclues:
(a) Mushroom spawn (heading 06.02).
(b) Leguminous vegetables and sweet corn (Chapter 7).
(c) Fruit of Chapter 8.
(d) Spices and other products of Chapter 9.

অর্থাৎ, heading 12.09 এ seed হিসাবে Spices and other products of Chapter 9 সমূহ Excluded করা হয়েছে।

এ প্রসঙ্গে Bangladesh Customs Tariff (BCT) এর Chapter-9 এর Heading 09.09 এ উল্লেখ রয়েছে:

	-Seeds of Cumin:
	--Neither crushed or ground:
0909.31.10	---Wrapped/canned upto 2.5 kg
0909.31.90	---Other

এছাড়াও Explanatory Notes এর Heading 09.09 এ উল্লেখ রয়েছে:
Seeds of anise, badian, fennel, coriander, cumin or caraway; juniper berries.

- seed of cumin:
0909.31 - Neither crushed nor ground

Coriander, cumin and caraway seeds are the aromatic seeds of certain plants of the umbelliferous family, used chiefly in the preparation of liqueurs.

বর্ণিত প্রেক্ষাপটে, Bangladesh Customs Tariff (BCT) ও Explanatory Notes এর ব্যাখ্যা এবং GRI Rule 1 & 6 অনুযায়ী

আমদানিতব্য Cumin Seed নামীয় পণ্যটি H.S. Code 0909.31.90 এ শ্রেণিবিন্যাসযোগ্য। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০২৫ এর বিধি-৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

০৪। **অগ্রিম রুলিং এর কার্যকারিতা:** এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ৩৬ (ছত্রিশ) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

০৫। **আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:**

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিতব্য পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশন ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

১০-০২-২০২৬
তানভীর আহমেদ
দ্বিতীয় সচিব (কাস্টমস ক্লাসিফিকেশন এন্ড অ্যাডভান্স রুলিং) ও সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট

কমিশনার অব কাস্টমস
কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি (কমলাপুর)/পানগাঁও/মোংলা।

স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০০০.০৫৪.০২.০০০২.২৫.১১/১ (৮)

তারিখ: ২৭ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব)/ (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/(আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।
২। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/কাস্টমসস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমসস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।
৪। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৫। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। প্রথম সচিব, কাস্টমস নীতি ও বাজেট অধিশাখা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৭। দ্বিতীয় সচিব, কাস্টমস নীতি ও বাজেট শাখা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৮। Proprietor, Golden and Silver Lake, Ghorapakhia, Ramchandrapur Hat, Sadar Chapaiunawabganj।

১৫-০২-২০২৬
তানভীর আহমেদ
দ্বিতীয় সচিব